

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ১১, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ২৭ কার্তিক ১৪২২/১১ নভেম্বর ২০১৫

নম্বর: ০৮.০০.০০০০.৮২১.৮৪.০৮৩.১৫.২৮৯—সম্পত্তি ইউনিস্কোর ৩৮তম সাধারণ সম্মেলনে দেশের অভ্যন্তরে মাতৃভাষার উন্নয়ন, সংরক্ষণ এবং বহির্বিশ্বে মাতৃভাষার প্রচার ও প্রসারের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রাখার জন্য আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটকে ইউনিস্কোর ক্যাটাগরি-২ প্রতিষ্ঠান হিসাবে স্বীকৃতি প্রদান করা হয়েছে। ফলে প্রতিষ্ঠানটির আন্তর্জাতিক গ্রহণযোগ্যতা আরও বৃদ্ধি পেয়েছে। এই স্বীকৃতি অর্জন প্রধানমন্ত্রী শেখ হাসিনার দুরদর্শী ও সফল নেতৃত্বের পরিচায়ক। তাঁর সরকারের গৃহীত সময়োচিত পদক্ষেপ ও যথোপযুক্ত কর্মসূচির ফলেই এই স্বীকৃতি প্রাপ্তি সম্ভব হয়েছে।

২। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের বাস্তবমুখী নীতি ও দক্ষ ব্যবস্থাপনার কারণে সামষ্টিক অর্থনৈতিক এবং মানব-উন্নয়নের প্রতিটি সূচকেই বাংলাদেশ অভূতপূর্ব সাফল্য অর্জন করেছে যা বিশ্বের অনেক দেশের জন্য নজির হিসাবে পরিগণিত হচ্ছে। উন্নয়নের এই গতিধারা বৈশ্বিক পরিমণ্ডলে বাংলাদেশের ভাবমূর্তি ক্রমাগতভাবে উজ্জ্বলতর করছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার দুরদর্শিতা ও রাষ্ট্রনায়কোচিত পদক্ষেপের ফলে দেশে-বিদেশে বাংলাদেশ এসম্মানজনক অবস্থান লাভ করতে সক্ষম হয়েছে।

৩। একের পর এক গুরুত্বপূর্ণ সম্মাননা লাভ আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের অবস্থানকে আরও সুসংহত করছে। এই স্বীকৃতিপ্রাপ্তিতে কার্যকর ভূমিকা রাখার জন্য সংশ্লিষ্ট সকলে প্রশংসার দাবিদার।

(৮৭৬৭)

মূল্য : টাকা ৪.০০

- ৪। আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউট ইউনিস্কোর ক্যাটাগরি-২ প্রতিষ্ঠান হিসাবে উন্নীত হওয়ায় বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করার জন্য মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উষ্ণ অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা এবং শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ, শিক্ষা মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয় ও অর্থ বিভাগের সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে মন্ত্রিসভার ২৫ কার্তিক ১৪২২/০৯ নভেম্বর ২০১৫ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়েছে।
- ৫। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উল্লিখিত প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

২৫ কার্তিক ১৪২২
ঢাকা:-----
০৯ নভেম্বর ২০১৫

সম্প্রতি ইউনেস্কোর ৩৮তম সাধারণ সম্মেলনে দেশের অভ্যন্তরে মাতৃভাষার উন্নয়ন, সংরক্ষণ এবং বহির্বিশ্বে মাতৃভাষার প্রচার ও প্রসারের ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রাখার জন্য আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউটকে ইউনেস্কোর ক্যাটাগরি-২ প্রতিষ্ঠান হিসাবে স্বীকৃতি প্রদান করা হয়েছে। ফলে প্রতিষ্ঠানটির আন্তর্জাতিক গ্রহণযোগ্যতা আরও বৃদ্ধি পেয়েছে। এই স্বীকৃতি অর্জন প্রধানমন্ত্রী শেখ হাসিনার দুরদর্শী ও সফল নেতৃত্বের পরিচায়ক। তাঁর সরকারের গৃহীত সময়োচিত পদক্ষেপ ও যথোপযুক্ত কর্মসূচির ফলেই এই স্বীকৃতি প্রাপ্তি সম্ভব হয়েছে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের বাস্তবমূর্তী নীতি ও দক্ষ ব্যবস্থাগ্রামের কারণে সামষ্টিক অর্থনীতি এবং মানব-উন্নয়নের প্রতিটি সূচকেই বাংলাদেশ অভূতপূর্ব সাফল্য অর্জন করেছে যা বিশ্বের অনেক দেশের জন্য নজির হিসাবে পরিগণিত হচ্ছে। উন্নয়নের এই গতিধারা বৈশ্বিক পরিমণ্ডলে বাংলাদেশের ভাবমূর্তি ক্রমাগতভাবে উজ্জ্বলতর করছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার দুরদর্শিতা ও রাষ্ট্রনায়কোচিত পদক্ষেপের ফলে দেশে-বিদেশে বাংলাদেশ এ সম্মানজনক অবস্থান লাভ করতে সক্ষম হয়েছে।

একের পর এক গুরুত্বপূর্ণ সম্মাননা লাভ আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের অবস্থানকে আরও সুসংহত করছে। এর ধারাবাহিকতায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনসিটিউট ইউনেস্কোর ক্যাটাগরি-২ প্রতিষ্ঠান হিসাবে উন্নীত হওয়ায় বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর করার জন্য মন্ত্রিসভা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উৎস অভিনন্দন ও আন্তরিক শুভেচ্ছা জ্ঞাপন করছে।

এই স্বীকৃতিপ্রাপ্তিতে কার্যকর ভূমিকা রাখার জন্য সংশ্লিষ্ট সকলে প্রশংসার দাবিদার। এ পরিপ্রেক্ষিতে মন্ত্রিসভা শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ-কে এবং শিক্ষা মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয় এবং অর্থ বিভাগের সংশ্লিষ্ট সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

ড. মহিউদ্দীন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd